# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**15 AUGUST 2025** **7:45—7:55 PM IST**

---

১) সমগ্র দেশে আজ ৭৯ তম স্বাধীনতা দিবস যথাযোগ্য মর্যাদায় পালিত ।

২) আত্মনির্ভরশীল ভারত সম্পর্কে লালকেল্লায় প্রধানমন্ত্রীর ভাষণ ।

৩) রাজ্যে বিগত চার বছরে ১১ হাজারেরও অধিক উগ্রপন্থী হিংসার পথ ত্যাগ করে সমাজের মূল স্রোতে ফিরে এসেছে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

এবং

৪) বরাক উপত্যকার তিন জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে ৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন ।

---------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ যথাযোগ্য মর্যাদায় ৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দিল্লীর ঐতিহাসিক লালকেল্লায় জাতীয় পতাকা উত্তোলন করে জাতীর উদ্দেশ্যে ১০৫ মিনিটের দীর্ঘ ভাষণ দেন ।এর পূর্বে তিনি রাজঘাটে জাতীর পিতা মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন ।প্রধানমন্ত্রী তাঁর ভাষণে অপারেশন সিন্দুর অভিযানের সাহসী সৈনিকদের প্রণাম জানিয়ে বলেন যে এই অভিযান দেশের সশস্ত্র বাহিনীর সাহস ও বীরত্বের শক্তিশালী প্রতীক । সরকার সশস্ত্র বাহিনীকে এই অভিযানের রণনীতি প্রস্তুত করা সহ লক্ষ্য ও সময় নির্ধারণ করার সম্পূর্ণ স্বাধীনতা দিয়েছিল বলে তিনি জানান । দেশের সাহসী সৈনিকরা শত্রুপক্ষকে যোগ্য জবাব দিয়েছে বলে তিনি মন্তব্য করেন ।ভারত পারমানবিক হুমকীর কাছে মাথা নত করবেনা বলে তিনি উল্লেখ করেন । প্রধানমন্ত্রী বলেন যে সরকার ভারতবর্ষকে আত্মনির্ভরশীল এবং উন্নত রাষ্ট্র হিসেবে গড়ে তোলার জন্য কাজ করে যাচ্ছে । আত্মনির্ভর ভারত বিকশিত

ভারতের ভীত সরূপ এবং সম্প্রতি দেশের সব ক্ষেত্রে আধুনিক ব্যবস্থা গড়ে তোলার কাজ অব্যাহত রয়েছে বলে তিনি জানান ।বিদ্যুতের আবশ্যকতা পূরণের জন্য ভারত বেশ কয়েকটি দেশের ওপর নির্ভরশীল বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী এই ক্ষেত্রে আত্মনির্ভরশীলতা অর্জন করার ওপর গুরুত্ব আরোপ করেন ।তিনি বলেন যে গত ১১ বছরে দৈশে উৎপাদিত সৌরশক্তির পরিমান ৩০ গুণ বৃদ্ধি পেয়েছে ।সরকার ২০৪৭ সালের মধ্যে পারমাণবিক শক্তি সামর্থ্য ১০ গুণেরও বেশী বৃদ্ধি করার লক্ষ্যে অগ্রসর হচ্ছে বলে তিনি জানান ।দেশ মহাকাশ ক্ষেত্রে অভুতপূর্ব সাফল্য অর্জন করেছে বলে উল্লেখ করে শ্রীমোদী বলেন যে গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র থেকে ফিরে এসেছে এবং কিছুদিন পর তিনি দেশে ফিরবেন ।বিগত ৮ বছরে সরকার জি এস টি ব্যবস্থার গুরুত্বপূর্ণ সংস্কার সাধন করেছে বলে তিনি উল্লেখ করেন । দীপাবলীর পর দেশের পরবর্তী পর্যায়ের জি এস টি সংস্কার আরম্ভ হবে এবং এর ফলে অত্যাবশ্যকীয় সামগ্রীর ওপর কর হ্রাস পাওয়া সহ সুক্ষ , ক্ষুদ্র ও মাধ্যম শিল্প , খুচরা বিক্রেতা ও গ্রাহকরা উপকৃত হবেন বলে তিনি জানান ।দেশে শক্তিশালী অস্ত্র প্রণালী গড়ে তোলার জন্য মিশন সুদর্শন চক্র আরম্ভ করা হবে বলে তিনি জানান । প্রধানমন্ত্রী বলেন যে লক্ষ লক্ষ লোকের আত্মবলিদানের মাধ্যমে যদি স্বাধীন ভারত লাভ করা যায় তাহলে সংকল্প , কঠোর পরিশ্রম , আত্মনির্ভরশীলতা এবং স্বদেশী মন্ত্রের মাধ্যমে একটি সমৃদ্ধ ভারত নির্মাণ করা সম্ভব হবে ।

---

রাজ্যে বিগত চার বছরে ১১ হাজারেরও অধিক উগ্রপন্থী হিংসার পথ ত্যাগ করে সমাজের মূল স্রোতে ফিরে এসেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ গৌহাটীর খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে কেন্দ্রীয়ভাবে আয়োজিত স্বাধীনতা দিবসের কার্যসূচীতে পতাকা উত্তোলন করে ভাষণপ্রসঙ্গে একথা জানান । তিনি বলেন যে ২০২১ সাল থেকে ১১ হাজারেরও অধিক নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্যকে পুর্নবাসন দেওয়া হয়েছে । আলফা , আদিবাসী ,ডিমাসা উগ্রপন্থীর সঙ্গে শান্তি চুক্তি সম্পন্ন করা হয়েছে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী বলেন যে কেন্দ্রীয় সরকার সম্প্রতি এই শান্তি চুক্তি অনুসারে রাজ্যের পরিকাঠামো উন্নয়নের জন্য ৪ হাজার কোটি টাকা মঞ্জুর করেছে । মূখ্যমন্ত্রী তাঁর ভাষণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আসামের উন্নয়নের ক্ষেত্রে প্রদান করা সহযোগীতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন । আসামকে দেশের তৃতীয় দ্রুত বিকাশশীল রাজ্য হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে সরকার গৃহীত পদক্ষেপগুলির বিষয়েও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । উন্নয়নের ক্ষেত্রে ২০২০-২১ সালের তুলনায় ২০২৪-২৫ বর্ষে রাজ্যের মোট ঘরোয়া উৎপাদন ১১৩ শতাংশ বৃদ্ধি হয়েছে বলে তিনি উল্লেখ

করেন । আইন শৃঙ্খলার ক্ষেত্রে রাজ্যের সুস্থির পরিবেশ সৃষ্টি হবার কথা উল্লেখ করে তিনি বলেন যে বিভিন্ন মামলার অভিযোগনামা দাখিলের হার পূর্বের ৪৭ থেকে ৬৭ শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । নিযুক্তির ক্ষেত্রে মাইলফলক হিসেবে ১ লক্ষ ২১ হাজারেরও অধিক যুবক যুবতীকে স্বচ্ছতার ভিত্তিতে নিযুক্তি দেওয়া হয়েছে বলে তিনি উল্লেখ করেন । রাজ্যের জনকাঠামোর ক্ষেত্রে সৃষ্টি হওয়া সমস্যা দূর করতে আসাম সরকারের চালানো উচ্ছেদ অভিযানের প্রসঙ্গও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে ৭৯ তম স্বাধীনতা দিবস পালন করা হয়েছে ।

শিলচরে জেলা ক্রীড়া সংস্থার খেলার মাঠে জেলা প্রশাসনের মূল অনুষ্ঠানে আজ জাতীয় পতাকা উত্তোলন করেন রাজ্যের খনি ও খনিজ তথা বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই । মন্ত্রী শ্রী রাই তাঁর ভাষণে রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের খতিয়ান তুলে বলেন যে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে আসাম দেশের শ্রেষ্ঠ রাজ্য হিসেবে পরিগণিত হতে এগিয়ে চলেছে । তিনি আরো বলেন যে জনসাধারণের সুরক্ষা প্রদানের লক্ষ্যে আসাম পুলিশ সহ অন্যান্য নিরাপত্তা বাহিনী অক্লান্ত পরিশ্রম করছে এবং তাঁদের অবদান অনস্বীকার্য । ভাষনের পর মন্ত্রী ষষ্ঠ আসাম পুলিশ বেটেলিয়ন , জেলা পুলিশ সহ যানবাহন পুলিশ ,সি আর পি এফ ,হোম গার্ড ,এন সি সি ,স্কাউট-গাইড এবং বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের অভিবাদন গ্রহণ করেন । এরপর মন্ত্রী শ্রী রাই সাংবাদিকদের জানান----বাইট----

উল্লেখ্য এর আগে তিনি গান্ধীবাগে মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে মাল্যদান করেন । তাঁর সঙ্গে ছিলেন কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব ,পুলিশ সুপার নোমাল মাহাত্তা ,শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য , শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্তী প্রমূখ ।

এদিকে কাছাড় জেলার নানা সংস্থা ও সংগঠন নানা কার্যসূচীর মাধ্যমে আজ স্বাধীনতা দিবস পালন করেছে ।

শিলচরের রাধামাধব কলেজ প্রাঙ্গণে স্বাধীনতা দিবসের পতাকা উত্তোলন করেন এবং স্বাধীনতা দিবসের তাৎপর্য নিয়ে বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ ড.রাহুল চক্রবর্তী । এই দিবস উপলক্ষ্যে গত দুদিনব্যাপী আয়োজিত তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগীতা ও ক্যুইজ প্রতিযোগীতায় প্রথম ,দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের পুরস্কার বিতরণ করা হয় ।

পি এন বি আর সে টি কাছাড় শিলচরের উদ্যোগে ও জেলা মিশন ম্যানেজমেন্ট ইউনিট এ এস আর এল এম কাছাড়ের সহযোগীতায় বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে স্বাধীনতা দিবস পালন করা হয়েছে ।
কাছাড় স্পোর্টিং ক্লাবের উদ্যোগে স্বাধীনতা দিবসে এবারো নৌকা দৌড় প্রতিযোগীতার আয়োজন করা হয় । এই প্রতিযোগীতায় বরাক সহ আপার আসামের বিভিন্ন এলাকার প্রতিযোগীরাও অংশগ্রহণ করেন । কড়া নিরাপত্তা ব্যাবস্থার মাধ্যমে আয়োজিত এই প্রতিযোগীতায় কাছাড় জেলার প্রায় ৫০ টি গ্রামের প্রতিযোগীরা অংশগ্রহণ করেন ।

----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় ৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে । শ্রীভূমির সরকারি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন রাজ্যের পূর্ত , মৎস্য পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ।এরপর তিনি কুচকাওয়াজের অভিবাদন গ্রহণ করেন । মন্ত্রী শ্রী পাল তাঁর ভাষণে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের খতিয়ান তুলে ধরে আসাম দেশের সেরা রাজ্য হওয়ার পথে অগ্রসর হচ্ছে বলে মন্তব্য করেন । অনুষ্ঠানে ক্রীড়া , যোগব্যায়াম , শিক্ষা ইত্যাদি ক্ষেত্রে সাফল্য অর্জনকারী জেলার প্রতিভাবান ব্যাক্তিদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয় এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয় । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , পুলিশ সুপার পার্থ প্রতিম দাস সহ অন্যান্য বিশিষ্ট অতিথিরা উপস্থিত ছিলেন ।এই দিবস উপলক্ষে মন্ত্রী শ্রী পাল মহাত্মা গান্ধীর প্রতিমূর্তি এবং ডাকবাংলো রোডের শহিদ বেদীতে মাল্যদান করে বীর শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন ।

----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় ও উৎসাহ ও উদ্দীপনায় ৭৯ তম স্বাধীনতা দিবস পালন করা হয় ।হাইলাকান্দির নেতাজি সুভাষ চন্দ্র বসু ষ্টেডিয়ামে আজ কেন্দ্রীয়ভাবে আয়োজিত স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে জেলা আয়ুক্ত অভিষেক জৈন জাতীয় পতাকা উত্তোলন করেন এবং গৃহরক্ষী বাহিনী , এন সি সি , স্কাউট গাইড ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কুচকাওয়াজ পরিদর্শন করেন অভিবাদন গ্রহণ করেন ।অনুষ্ঠানে ভাষণ দিয়ে জেলা আয়ুক্ত শ্রী জৈন বলেন যে কেন্দ্রীয় সরকার স্বাধীনতার অমৃত কাল ঘোষণা করার পর থেকে হাইলাকান্দি জেলার সার্বিক উন্নয়ন অব্যাহত রয়েছে ।তিনি বলেন ------- বাইট
অনুষ্ঠানে রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ তাদের নিজ নিজ প্রেক্ষাপট প্রদর্শন করে ।এবছর কুচকাওয়াজে ২০ টি দল অংশগ্রহণ করে ।

-------------------------------------------------------------------------------------

ধলাইর মাতৃভূমি কাপ ফুটবল প্রতিযোগীতায় আজ টি এইচ বি আর্জানপুর এফ সি দল // ছোট শালগঙ্গা ( বি ) এফ সি কে ৩-২ গোলের  ব্যাবধানে পরাজিত করেছে । ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত খেলায় আজ  টি এইচ বি আর্জানপুর এফ সি দলের খেলোয়াড় হিফজুর রহমান সেরা খেলোয়াড় হিসেবে নির্বাচিত হয়েছেন ।

আগামীকাল গ্রুপ ডির তৃতীয় খেলায়  আব্রা স্টীল ইসলামাবাদ এফ সি // আরহী স্টোর জামালপুর এফ সি  দলের মুখোমুখি হবে ।

-------------------------------------------------------------------------------------